Signature and Name of Invigilator

1. (Signature) ______________________

(Name) ______________________

2. (Signature) ______________________

(Name) ______________________

Roll No. | | | | | | | | |

(In figures as per admission card)

Roll No. ______________________

(In words)

Test Booklet No.

**D—1908**

PAPER—III

# BENGALI

**Time : 2½ hours]** **[Maximum Marks : 200**

Number of Pages in this Booklet : **32** Number of Questions in this Booklet : **26**

## Instructions for the Candidates

1. Write your roll number in the space provided on the top of this page.
2. Answers to short answer/essay type questions are to be given in the space provided below each question or after the questions in the Test Booklet itself.

   **No Additional Sheets are to be used.**
3. At the commencement of examination, the question booklet will be given to you. In the first 5 minutes, you are requested to open the booklet and compulsorily examine it as below :
   (i) To have access to the Test Booklet, tear off the paper seal on the edge of this cover page. Do not accept a booklet without sticker-seal and do not accept an open booklet.
   (ii) **Tally the number of pages and number of questions in the booklet with the information printed on the cover page. Faulty booklets due to pages/questions missing or duplicate or not in serial order or any other discrepancy should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the question booklet will be replaced nor any extra time will be given.**
4. Read instructions given inside carefully.
5. One page is attached for Rough Work at the end of the booklet before the Evaluation Sheet.
6. If you write your name or put any mark on any part of the Answer Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, you will render yourself liable to disqualification.
7. You have to return the Test booklet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall.
8. **Use only Blue/Black Ball point pen.**
9. **Use of any calculator or log table etc. is prohibited.**
10. **There is NO negative marking.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. पहले पृष्ठ के ऊपर नियत स्थान पर अपना रोल नम्बर लिखिए।
2. लघु प्रश्न तथा निबंध प्रकार के प्रश्नों के उत्तर, प्रत्येक प्रश्न के नीचे या प्रश्नों के बाद में दिये हुये रिक्त स्थान पर ही लिखिये।

   **इसके लिए कोई अतिरिक्त कागज का उपयोग नहीं करना है।**
3. परीक्षा प्रारम्भ होने पर, प्रश्न-पुस्तिका आपको दे दी जायेगी। पहले पाँच मिनट आपको प्रश्न-पुस्तिका खोलने तथा उसकी निम्नलिखित जाँच के लिए दिये जायेंगे जिसकी जाँच आपको अवश्य करनी है :
   (i) प्रश्न-पुस्तिका खोलने के लिए उसके कवर पेज पर लगी सील को फाड़ लें। खुली हुई या बिना स्टीकर-सील की पुस्तिका स्वीकार न करें।
   (ii) **कवर पृष्ठ पर छपे निर्देशानुसार प्रश्न-पुस्तिका के पृष्ठ तथा प्रश्नों की संख्या को अच्छी तरह चैक कर लें कि ये पूरे हैं। दोषपूर्ण पुस्तिका जिनमें पृष्ठ / प्रश्न कम हों या दुबारा आ गये हों या सीरियल में न हों अर्थात किसी भी प्रकार की त्रुटिपूर्ण पुस्तिका स्वीकार न करें तथा उसी समय उसे लौटाकर उसके स्थान पर दूसरी सही प्रश्न-पुस्तिका ले ले। इसके लिए आपको पाँच मिनट दिये जायेंगे। उसके बाद न तो आपकी प्रश्न-पुस्तिका वापस ली जायेगी और न ही आपको अतिरिक्त समय दिया जायेगा।**
4. अन्दर दिये गये निर्देशों को ध्यानपूर्वक पढ़ें।
5. उत्तर-पुस्तिका के अन्त में कच्चा काम (Rough Work) करने के लिए मूल्यांकन शीट से पहले एक पृष्ठ दिया हुआ है।
6. यदि आप उत्तर-पुस्तिका पर अपना नाम या ऐसा कोई भी निशान जिससे आपकी पहचान हो सके, किसी भी भाग पर दर्शाते या अंकित करते हैं तो परीक्षा के लिये अयोग्य घोषित कर दिये जायेंगे।
7. आपको परीक्षा समाप्त होने पर उत्तर-पुस्तिका निरीक्षक महोदय को लौटाना आवश्यक है और इसे परीक्षा समाप्ति के बाद अपने साथ परीक्षा भवन से बाहर न लेकर जायें।
8. **केवल नीले / काले बाल प्वाईंट पैन का ही इस्तेमाल करें।**
9. **किसी भी प्रकार का संगणक ( कैलकुलेटर ) या लाग टेबल आदि का प्रयोग वर्जित है।**
10. **गलत उत्तर के लिए अंक नहीं काटे जायेंगे।**

www.examrace.com

## BENGALI

### PAPER – III

**NOTE:** This paper is of two hundred (200) marks containing four (4) sections. Candidates are required to attempt the questions contained in these sections according to the detailed instructions given therein.

**नोट :** यह प्रश्नपत्र दो सौ (200) अंकों का है एवं इसमें चार (4) खंड है। अभ्यर्थियों को इन में समाहित प्रश्नों का उत्तर अलग दिये गये विस्तृत निर्देशों के अनुसार देना है।

**নোট :** এই প্রশ্নপত্র দুশো (200) নম্বরের এবং এতে চারটি (4) খণ্ড আছে। পরীক্ষার্থীদের উত্তরগুলি যথাস্থানে প্রদত্ত নির্দেশানুসারে দিতে হবে।

www.examrace.com

## SECTION - I

**এই খণ্ডে নিম্নলিখিত অনুচ্ছেদটি অবলম্বনে পাঁচটি (5) প্রশ্ন আছে। প্রতিটি প্রশ্নের উত্তর ত্রিশটি (30) শব্দের মধ্যে দিতে হবে। প্রতি প্রশ্নের নম্বর পাঁচ (5)।**

**(5x5=25)**

বিদ্যাসাগরের চরিত্রে যাহা সর্বপ্রধান গুণ, যে গুণে তিনি পল্লী আচারের ক্ষুদ্রতা, বাঙালি-জীবনের জড়ত্ব সবলে ভেদ করিয়া একমাত্র নিজের গতিবেগ প্রাবল্যে কঠিন প্রতিকূলতার বক্ষ বিদীর্ণ করিয়া - হিন্দুত্বের দিকে নহে, সাম্প্রদায়িকতার দিকে নহে - করুণার অশ্রুজলপূর্ণ - উন্মুক্ত অপার মনুষ্যত্বের অভিমুখে আপনার দৃঢ়নিষ্ঠ একাগ্র একক জীবনকে প্রবাহিত করিয়া লইয়া গিয়াছিলেন, আমি যদি অদ্য তাঁহার সেই গুণকীর্তন করিতে বিরত হই তবে আমার কর্তব্য একেবারেই অসম্পন্ন থাকিয়া যায়। কারণ, বিদ্যাসাগরের জীবন বৃত্তান্ত আলোচনা করিয়া দেখিলে এই কথাটি বারম্বার মনে উদয় হয় যে, তিনি যে বাঙালি বড়লোক ছিলেন তাহা নহে, তিনি রীতিমত হিন্দু ছিলেন তাহাও নহে - তিনি তাহা অপেক্ষাও অনেক বেশি বড়ো ছিলেন, তিনি যথার্থ মানুষ ছিলেন। বিদ্যাসাগরের জীবনীতে এই অনন্যসুলভ মনুষ্যত্বের প্রাচুর্যই সর্বোচ্চ গৌরবের বিষয়। তাঁহার সেই পর্বতপ্রমাণ চরিত্রমাহাত্ম্যে তাঁহারই কৃত কীর্তিকেও খর্ব করিয়া রাখিয়াছে।

তাঁহার প্রধান কীর্তি বঙ্গভাষা। যদি এই ভাষা কখনো সাহিত্য-সম্পদে ঐশ্চর্যশালিনী হইয়া উঠে, যদি এই ভাষা অক্ষয় ভাব-জননীরূপে মানব সভ্যতার ধাত্রীগণের ও মাতৃগণের মধ্যে গণ্য হয় - যদি এই ভাষা পৃথিবীর শোকদুঃখের মধ্যে এক নূতন সান্ত্বনাস্থল, সংসারের তুচ্ছতা ও ক্ষুদ্র স্বার্থের মধ্যে এক মহত্ত্বের আদর্শলোক, দৈনন্দিন মানবজীবনের অবসাদ ও অস্বাস্থ্যের মধ্যে সৌন্দর্যের এক নিভৃত নিকুঞ্জবন রচনা করিতে পারে, তবেই তাঁহার এই কীর্তি তাঁহার উপযুক্ত গৌরব লাভ করিতে পারিবে।

বাংলাভাষার বিকাশে বিদ্যাসাগরের প্রভাব ... কিরূপ কার্য করিয়াছে এখানে তাহা স্পষ্ট করিয়া নির্দেশ করা আবশ্যক।



www.examrace.com

বিদ্যাসাগর বাংলাভাষার প্রথম যথার্থ শিল্পী ছিলেন। অপূর্ব বাংলায় গদ্যসাহিত্যের সূচনা হইয়াছিল, কিন্তু তিনিই সর্বপ্রথমে বাংলা গদ্যে কলানৈপুন্যের অবতারণা করেন। ভাষা যে কেবল ভাবের একটা আধারমাত্র নহে, তাহার মধ্যে যেন তেন প্রকারেণ কতকগুলা বক্তব্য বিষয় পুরিয়া দিলেই যে কর্তব্য সমাপন হয় না, বিদ্যাসাগর দৃষ্টান্তদ্বারা তাহাই প্রমাণ করিয়াছিলেন। তিনি দেখাইয়াছিলেন যে যতটুকু বক্তব্য, তাহা সরল করিয়া, সুন্দর করিয়া এবং সুশৃঙ্খল করিয়া ব্যক্ত করিতে হইবে। আজিকার দিনে এ কাজটিকে তেমন বৃহৎ বলিয়া মনে হইবে না, কিন্তু সমাজবন্ধন যেমন মনুষ্যত্ব-বিকাশের পক্ষে অত্যাবশ্যক, তেমনি ভাষাকে কলাবন্ধনের দ্বারা সুন্দররূপে সংযমিত না করিলে সে ভাষা হইতে কদাচ প্রকৃত সাহিত্যের উদ্ভব হইতে পারে না।

1. বিদ্যাসাগর চরিত্রের সর্বপ্রধান গুণ কি ছিল ?

www.examrace.com

2. পর্বতপ্রমাণ চরিত্রমাহাত্ম্য বলতে কী বোঝানো হয়েছে ?

3. বিদ্যাসাগরের প্রধান কীর্তি কী ?

www.examrace.com

4. বিদ্যাসাগরের কীর্তি কখন তাঁর উপযুক্ত গৌরব লাভ করতে পারবে ?

5. বিদ্যাসাগরকে কেন বাংলাভাষার প্রথম যথার্থ শিল্পী বলা হয়েছে ?

www.examrace.com

## SECTION - II

**এই খণ্ডে পনেরোটি (15) প্রশ্ন আছে। প্রতিটি প্রশ্ন পাঁচ (5) নম্বরের। উত্তর ত্রিশ (30) শব্দের মধ্যে দিতে হবে।** **(5x15=75)**

**6.** **সোনে ভরিতী করুণা নাবী।**

**রূপা থোই নাহিক ঠাবী।।** - পংক্তি দুটির গূঢ়ার্থ লিখুন।

**7.** বঙ্কিমচন্দ্রের **"বঙ্গদর্শন"** প্রকাশের মূল উদ্দেশ্য কী ছিল ?

www.examrace.com

8. বৈষ্ণব পদাবলী ও রবীন্দ্রনাথের **"বৈষ্ণব কবিতা"** এক নয়। কেন ?

9. যতীন্দ্রনাথ তাঁর একাধিক কাব্যগ্রন্থের নামকরণে **"মরু"** শব্দটি ব্যবহার করেছেন। কেন ?

www.examrace.com

10. “**চেনামহল**” উপন্যাসে ঘড়িটি বার বার খারাপ হয়ে যাওয়ার তাৎপর্য কী ?

11. “**ক্যানভাসার**” গল্পের উপান্তে কীভাবে নাটকীয় মুহূর্ত সৃষ্টি হয়েছে ?

www.examrace.com

12. **"কে রাজা, কার রাজ্য"** ? - **দেবীগর্জন** নাটকে এই প্রশ্নটির তাৎপর্য কী ?

13. **"বাংলার ব্রত"** - তে অবনীন্দ্রনাথ **"অন্যব্রত"** বলতে কী বুঝিয়েছেন ?

www.examrace.com

14. রবীন্দ্রচর্চা সম্পর্কিত বুদ্ধদেব বসুর দুটি প্রবন্ধগ্রন্থের নাম লিখুন।

15. অর্থের উন্নতির পাঁচটি উদাহরণ দিন।

www.examrace.com

16. **"পল্লী সমাজ"** এর রমাকে গ্রাম ছেড়ে চলে যেতে হল কেন ?

17. বিদ্যাসাগর বিধবা বিবাহের পক্ষে কী কী যুক্তি দিয়েছেন ?

www.examrace.com

18. সুধীন্দ্রনাথের **"হৈমন্তী"** কবিতায় **"হেমন্ত"** কী তাৎপর্য বহন করে ?

19. কৃত্তিবাসের **"আত্মবিবরণী"** কে প্রথম আবিষ্কার করেন এবং তা প্রথম কোথায় প্রকাশিত হয় ?

www.examrace.com

20. **রঘুপতি** নাটকের শেষে প্রতিমাকে বিসর্জন দিলেন কেন ?

## SECTION - III

**এই খণ্ডে প্রত্যেক ঐচ্ছিক বিষয় থেকে পাঁচটি (5) করে প্রশ্ন আছে। পরীক্ষার্থীকে যে কোনো একটি বিষয় বেছে নিয়ে, তারই পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের পূর্ণমান বারো (12), এবং প্রতিটি প্রশ্নের শব্দসংখ্যা দুশো (200)।** **(12x5=60)**

### ঐচ্ছিক - 1

21. বাংলা সাহিত্য সৃষ্টির পূর্বে এবং সমকালে বাঙালির দ্বারা সংস্কৃতে যে সাহিত্যচর্চা হয়েছিল, তার সঙ্গে বাংলাভাষায় রচিত সাহিত্যের যোগ দেখান।

22. চৈতন্যোত্তর বৈষ্ণব পদাবলী সাহিত্যে **"উজ্জ্বলনীলমণি"** গ্রন্থের প্রভাব আলোচনা করুন।

23. **"সীতার বনবাস"** সংস্কৃত সাহিত্যজাত হলেও তা বিশেষভাবে বিদ্যাসাগরেরই সৃষ্টি। - আলোচনা করুন।

24. **"ধর্মতত্ত্ব"** প্রবন্ধের মধ্যে বঙ্কিমচন্দ্রের উনিশ শতকীয় চিন্তাভাবনা কতখানি প্রতিফলিত হয়েছে, তা দেখান।

25. **"বীরাঙ্গনা"** কাব্যে সংস্কৃত সাহিত্যের প্রভাব কতটা এবং মৌলিকতাই বা কতটুকু, তা আলোচনা করুন।



www.examrace.com

## ঐচ্ছিক - II

21. পাশ্চাত্য প্রভাবে বাংলা সাহিত্যের রূপ ও রীতির যে পরিবর্তন হয়েছিল, তা বিশ্লেষণ করুন।

22. "বাঙালি কবিরা এলিয়টের কাছে নানাভাবে ঋণী" - মন্তব্যটির যথার্থ্য নিরূপণ করুন।

23. বাংলা রোমান্স ও সামাজিক উপন্যাসে স্কট ও ডিকেন্সের প্রভাব পরিমাপ করুন।

24. দ্বিজেন্দ্রলালের নাটকে শেক্সপীয়রের প্রভাব আলোচনা করুন।

25. উনিশ শতকের বাংলা প্রবন্ধে. মিল-বেন্হামের অনুসরণ কতটা হয়েছে, দেখান।

## ঐচ্ছিক - III

21. বাংলা লোকসাহিত্য আলোচনায় নৃতত্ত্বমূলক পদ্ধতির কার্যকারিতা বিচার করুন।

22. বাংলা লোকভাষা ও লোকসাহিত্যের ভাষার পার্থক্যটুকু দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার সংকলিত রূপকথা অবলম্বনে বুঝিয়ে দিন।

23. বাংলা লোকসাহিত্যচর্চায় **উইলিয়ম মর্টন** এবং **জেম্‌স লঙের** ভূমিকা আলোচনা করুন।

24. ঝুমুর গানের বৈশিষ্ট্য ও বৈচিত্র্যের পরিচয় দিন।

25. বাংলা প্রবাদ ও ধাঁধার সাদৃশ্য ও বৈসাদৃশ্য নির্দেশ করুন।

## ঐচ্ছিক - IV

21. পুঁথি বলতে কী বোঝেন ? বাংলা পুঁথির লিপিসমস্যা সম্পর্কে আলোচনা করুন।

22. বাংলা পুঁথির তোলা পাঠ ও পুষ্পিকা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।

23. **"বঙ্কিমচন্দ্রের *ইন্দিরা* উপন্যাসটির পরিবর্তন শুধুমাত্র আকৃতিগত নয়, প্রকৃতিগত ও বটে।"** - মন্তব্যটি বিচার করুন।

24. নানা পাঠান্তরের ফলে **রক্তকরবী** কতখানি শিল্পসার্থক হয়েছে, তা আলোচনা করুন।

25. বাংলা গ্রন্থের রূপান্তর কতখানি শিল্পসম্মত হয়, তা উদাহরণসহ বিচার করুন।

## ঐচ্ছিক - V

21. কবিতার শিল্পসিদ্ধির ক্ষেত্রে ছন্দের গুরুত্ব আলোচনা করুন।

22. মধ্যযুগের বাংলা সাহিত্যে পয়ার -ত্রিপদীর প্রয়াগবৈচিত্র্য ... সম্পর্কে একটি নিবন্ধ রচনা করুন।

23. দলবৃত্ত ছন্দপ্রয়োগে সত্যেন্দ্রনাথ দত্তের কৃতিত্ব নিরূপণ করুন।

24. বাংলা ছন্দচিন্তায় মোহিতলালের অবদান নির্দেশ করুন।

25. ভারতচন্দ্রের কবিতায় সংস্কৃত ছন্দের ব্যবহার সম্পর্কে আলোচনা ... করুন।



www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

## SECTION - IV

**এই খণ্ডে নিম্নলিখিত যে কোনো বিষয় অবলম্বনে নূনাধিক এক হজার (1000) শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করতে হবে। প্রবন্ধটির পূর্নমান চল্লিশ (40)।**

**(40x1=40 )**

**26.** (A) সংস্কৃত পুরাণ ও বাংলা মঙ্গলকাব্য

**অথবা**

(B) বাংলা নাটকে শেক্সপীয়রের অনুবাদ ও অনুসরণ

**অথবা**

(C) বাংলা লোকসাহিত্য চর্চা : তত্ত্ব ও প্রয়োগ

**অথবা**

(D) রবীন্দ্রগ্রন্থের রূপান্তর

**অথবা**

(E) বাংলা কাব্য কবিতায় সংস্কৃত ছন্দের প্রয়োগ বৈচিত্র্য।

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

www.examrace.com

## FOR OFFICE USE ONLY

**Marks Obtained**

| Question Number | Marks Obtained | Question Number | Marks Obtained | Question Number | Marks Obtained | Question Number | Marks Obtained |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | | 26 | | 51 | | 76 | |
| 2 | | 27 | | 52 | | 77 | |
| 3 | | 28 | | 53 | | 78 | |
| 4 | | 29 | | 54 | | 79 | |
| 5 | | 30 | | 55 | | 80 | |
| 6 | | 31 | | 56 | | 81 | |
| 7 | | 32 | | 57 | | 82 | |
| 8 | | 33 | | 58 | | 83 | |
| 9 | | 34 | | 59 | | 84 | |
| 10 | | 35 | | 60 | | 85 | |
| 11 | | 36 | | 61 | | 86 | |
| 12 | | 37 | | 62 | | 87 | |
| 13 | | 38 | | 63 | | 88 | |
| 14 | | 39 | | 64 | | 89 | |
| 15 | | 40 | | 65 | | 90 | |
| 16 | | 41 | | 66 | | 91 | |
| 17 | | 42 | | 67 | | 92 | |
| 18 | | 43 | | 68 | | 93 | |
| 19 | | 44 | | 69 | | 94 | |
| 20 | | 45 | | 70 | | 95 | |
| 21 | | 46 | | 71 | | 96 | |
| 22 | | 47 | | 72 | | 97 | |
| 23 | | 48 | | 73 | | 98 | |
| 24 | | 49 | | 74 | | 99 | |
| 25 | | 50 | | 75 | | 100 | |

Total Marks Obtained (in words) ....................................

(in figures) ....................................

Signature & Name of the Coordinator ...............................

(Evaluation) Date .............................

www.examrace.com